প্রেস বিজ্ঞপ্তি

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ-২০২৩

ঢাকা, ১৪ জুন ২০২৩ ঃ শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন সাধারণ শিক্ষার্থীদের কর্ম বাজারের উপযোগী করতে কারিগরি শিক্ষাকে সুলভ ও আকর্ষণীয় করার চেষ্টা করছে সরকার। দেশের প্রতিটি উপজেলায় কমপক্ষে একটি করে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করা হচ্ছে। সাধারণ ধরার শিক্ষার্থীদের বৃত্তিমূলক দক্ষতা দেয়ার জন্য শিক্ষাক্রমে কারিগরি কোর্স অন্তর্ভুক্ত করা হচ্ছে। তিনি বলেন সরকার কারিগরি শিক্ষার প্রসারে কার্যকর পরিকল্পনা ও কর্মসূচি নিয়ে অগ্রসর হচ্ছে যার ফলে এ খাতে নারী শিক্ষার্থীদের সংখ্যা অনেক বৃদ্ধি পেয়েছে। তিনি আজ রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনষ্টিটিউটে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ-২০২৩ এর উদ্বোধনী অনুষ্ঠানে এসব কথা বলেন।

মন্ত্রী বলেন দেশের সাধারণ জনগণের নিকট কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার প্রয়োজনীয়তা ও সার্বিক আর্থ-সামাজিক উন্নয়নে এর ভূমিকা তুলে ধরার পাশাপাশি এ শিক্ষা নিয়ে নিবিরভাবে কাজ করা সরককারি-বেসরকারি ও বিদেশী সংস্থা মধ্যে কার্যকর সমন্বয় বাড়াতে সরকার কাজ করে যাচ্ছে।

তিনি আরো বলেন শিল্প-কারখানা ও ইন্ডাস্ট্রির চাহিদা অনুযায়ী কারিগরি শিক্ষা নীতি , কারিকুলাম প্রণয়ন ও জব ম্যাচিং করে কারিগরি শিক্ষাকে আরো কর্মমুখী করতে উদ্যোগ নেয়া হচ্ছে। এর আগে আজ সকালে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ-২০২৩ উপলক্ষে একটি বর্ণাঢ্য র‍্যালি আয়োজিত হয়। শিক্ষামন্ত্রীর নেতৃত্বে র‍্যালিটি ঢাকা মহিলা পিলিটেকনিক ইনষ্টিটিউট থেকে যাত্রা শুরু করে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে গিয়ে শেষ হয়।

উল্লেখ্য, সপ্তাহব্যাপী কর্মসূচীর অংশ হিসেবে জাতীয় পর্যায়ে আগামীকাল ১৫ জুন' ২০২৩ ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনীয়ার্স, বাংলাদেশ (আইডিইবি), ঢাকায় "স্মার্ট বাংলাদেশ বিনির্মানে কারিগরি শিক্ষার গুরুত্ব ও করনীয়" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হবে। এছাড়াও, ১৪ থেকে ১৮ জুন পর্যন্ত কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সপ্তাহ-২০২৩ পালন করতে সারাদেশে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অভিভাবক সম্মেলন; কারিগরি মেলা আয়োজন; শিল্প-কারখানা ও প্রতিষ্ঠানের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর; জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে সেমিনার আয়োজনসহ নানা কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সিনিয়র সচিব মোঃ কামাল হোসেনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ)'র নির্বাহী চেয়ারম্যান নাসরীন আফরোজ এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মো: মহসিন।

স্বা/-

মোহাম্মদ জাহিদ হোসেন খান
জনসংযোগ কর্মকর্তা
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মোবাইল-০১৯১৮ ৯২ ১৭ ১৪
ইমেইল-zahidinfo30@gmail.com